



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/২০২৬/৮২৮

তারিখ : ০৬/০৪/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্রসচিব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৬ এর অনুচ্ছেদ: ২.৪.৩ -এ বর্ণিত আছে:

কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্রসচিব নির্বাচিত করবেন। কোনো কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান-এর অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

উক্ত অনুচ্ছেদের পরিবর্তে নিম্নবর্ণিত অনুচ্ছেদ ২.৪.৩ এ প্রতিস্থাপিত হবে।


কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্রসচিব নির্বাচিত করবেন। বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্রসচিব হবেন। কোনো কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান এর অনুমোদনক্রমে কেন্দ্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক অথবা সিনিয়র শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কেন্দ্র সচিব

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৬
এর অনুমোদিত সকল কেন্দ্র


(প্রফেসর রানা নীছরীন)
০৬/০৪/২০২৬

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৬/৮২৮ (০৮)

তারিখ : ০৬/০৪/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ ফেনী/লক্ষ্মীপুর
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা/চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ফেনী/ লক্ষ্মীপুর
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৮। অফিস কপি।